২৮/১০/২০০৩

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ...৬.....

শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল-শিবিরের দখল অক্ষুণ্ন

# ক্যাম্পাসে ঢুকেও ফিরে গেছে ছাত্রলীগ নেতাকর্মীরা, ব্যাগ ভর্তি অস্ত্র উদ্ধার

শা.বি সংবাদদাতা : শাহজালাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাকর্মীদের প্রবেশকে ছাত্রদল প্রতিহত করার চেষ্টা করায় ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে। ব্যাপক পুলিশি তৎপরতায় বড়ো কোনো অঘটন না ঘটলেও ক্যাম্পাসে ও ছাত্রাবাসে বেশ কয়েক রাউন্ড গুলিবর্ষণের ঘটনা ঘটেছে।

গতকাল সোমবার সকাল সাড়ে ১১টায় ছাত্রলীগ নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের বাসে চড়ে ক্যাম্পাসে প্রবেশ করে মিছিল শুরু করলে ছাত্রদল তাদেরকে প্রতিহত করতে চেষ্টা করে। এ সময় বেশ কয়েক রাউন্ড ফাঁকা গোলাগুলি হয়। ছাত্রদল পুলিশের ব্যারিকেড উপেক্ষা করে ছাত্রলীগের নেতাকর্মীদের ওপর চড়াও হওয়ার চেষ্টা করলে পুলিশের সঙ্গে ছাত্রদলের নেতাকর্মীদের ব্যাপক ধস্তাধস্তি হয়। এ পর্যায়ে পুলিশের লাঠিচার্জে ছাত্রদলের বেশ কয়েকজন নেতা আহত হয়। ছাত্রদল ও ছাত্রলীগের ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় ঘটনাস্থল থেকে পুলিশ একটি কাটা রাইফেলসহ এক ব্যাগ ভর্তি অস্ত্র উদ্ধার করে। পরিস্থিতির অবনতি ঘটলে পুলিশ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের পরামর্শে ছাত্রলীগ নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের পেছন দিয়ে শহরে চলে যায়। শহরে ফিরে ছাত্রলীগ ছাত্রদলের হল দখল ও সন্ত্রাসের প্রতিবাদে সুবিদবাজারে, সিলেট-সুনামগঞ্জ রোডে ব্যারিকেড দেয়। ঘণ্টাখানেক পর সিলেট পৌর চেয়ারম্যান বদরউদ্দিন কামরানের হস্তক্ষেপে ছাত্রলীগ ব্যারিকেড তুলে নেয়।

এদিকে সিলেট জেলায় ছাত্রদলের সকল কার্যক্রমের ওপর জেলা বিএনপি কর্তৃক নিষেধাজ্ঞা আরোপের একদিনের মধ্যে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি নাসিরউদ্দিন পিন্টুর উপস্থিতিতে শা.বি শাখার ১০১ সদস্যবিশিষ্ট নতুন কার্যকরী কমিটি গঠন করা হয়। কমিটি গঠনের পরদিনই সিলেট জেলা বিএনপি এক জরুরি সভায় ছাত্রদলের নবগঠিত কমিটি স্থগিত ঘোষণা করে।

অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে উপাচার্য, সকল বিভাগের প্রধান, সিন্ডিকেট সদস্য, ডিন, প্রভোস্ট, প্রক্টর এবং সিনিয়র শিক্ষকদের উপস্থিতিতে গত রোববার অধ্যাপক সিরাজউদ্দিন মণ্ডলকে আহ্বায়ক করে ১০ সদস্যবিশিষ্ট এক কমিটি গঠন করেন। এতে শাহপরান হলের অবস্থানরত সকল অবৈধ ছাত্রদের অনতিবিলম্বে হল ছাড়ার নির্দেশ এবং স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রসঙ্গে উক্ত কমিটির আহ্বায়ক ড. সিরাজউদ্দিন মণ্ডল জানান, 'বিভিন্ন পর্যায়ে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত বাস্তবায়নের প্রক্রিয়া চলছে। উপাচার্য ড. সালেহ উদ্দিন এ প্রতিবেদককে জানান, 'বিশ্ববিদ্যালয়ের প্রশাসন সম্পূর্ণ নিরপেক্ষভাবে ক্যাম্পাসের সকল জটিলতা অবসানের চেষ্টা করছে।'

উল্লেখ্য, গত বৃহস্পতিবার থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হলেও গতকাল সোমবার ছাত্রলীগ নেতাকর্মীরা একযোগে ক্যাম্পাসে প্রবেশ করে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের হল ছাত্রদল ও ছাত্রশিবিরের দখলে রয়েছে।